

নং-কল্যাণ-১০৭৫/২০১৩/৬৮৪৪

তারিখঃ ০৫/০৮/২০১৩ খ্রিস্টাব্দ
২২/০৪/১৪২০ বঙ্গাব্দ

প্রবাসীদের জন্য ঢাকাস্থ গুলশান, ভাটারায় (নর্থ বারিধারা) বাস্তবায়নাধীন ওয়েজ আর্নার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্প সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের বিশেষ করে বিদেশে কর্মরত/ অবস্থানরত এবং প্রবাস হতে দেশে প্রত্যাগত বাংলাদেশি কর্মীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে ঢাকাস্থ গুলশান- ভাটারায় (নর্থ বারিধারা) বাস্তবায়নাধীন ওয়েজ আর্নার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্প অনিবার্য কারণ বশতঃ সরকার কর্তৃক বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। হাউজিং কমপ্লেক্স প্রকল্পে আবাসনের জন্য আবেদনকারীদের ইতোপূর্বে জমাকৃত জামানতের (Security Money) অর্থ আবেদনকারীদের কিংবা প্রয়োজ্য ক্ষেত্রে তাদের বৈধ উত্তরাধিকারীদের অনুকূলে বাংলাদেশি টাকায় ফেরত প্রদানের জন্যও সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। সে মোতাবেক বিদেশে কর্মরত/ অবস্থানরত এবং প্রবাস হতে দেশে প্রত্যাগত বাংলাদেশি কর্মীদের ওয়েজ আর্নার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্পের জামানতের অর্থ ফেরত নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

০৩। জামানতের অর্থ ফেরত নেয়ার জন্য সাদা কাগজে আবেদনকারীর নাম, পিতা, মাতা, স্বামী, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বিদেশস্থ ঠিকানা, পাসপোর্ট নম্বর ইত্যাদি উল্লেখ করে পরিচালক (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ফ্লোর/লেভেল-৯ (লিফটের-৮), কক্ষ নং-৯১৮, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। নিম্নে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ-

- (১) অত্র দপ্তরে জামানত (Security Money) জমার প্রমাণ স্বরূপ গোলাপী রং এর মূল প্রাপ্তি রসিদ (Money Receipt);
- (২) মূল আবেদনপত্রে সংযুক্ত/উল্লিখিত পাসপোর্টের সত্যায়িত ফটোকপি;
- (৩) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
- (৪) বিদেশে কর্মরত/অবস্থানরত হাউজিং প্রকল্পের আবাসনের জন্য আবেদনকারী কোন ব্যক্তি দেশে আসতে না পারলে উপরোক্ত কাগজপত্রাদিসহ দেশে অবস্থানরত যেকোন নিকট আত্মীয় বা যেকোন ব্যক্তিকে তার পক্ষে জামানতের অর্থ (Security Money) ফেরত নেয়ার জন্য ২০০/- (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প আম-মোজার নিয়োগ করে আবেদনপত্র দাখিল করতে পারবেন (উক্ত আম-মোজারনামাসহ আবেদনপত্র, নিজের রঙ্গিন ছবি, স্বাক্ষর, আম-মোজারের রঙ্গিন ছবি, আম-মোজারের নমুনা স্বাক্ষর ও অন্যান্য কাগজপত্র অবশ্যই দূতাবাস/মিশন কর্তৃক সত্যায়িত হতে হবে);
- (৫) কোন আবেদনকারীর মৃত্যু হলে তাঁদের বৈধ উত্তরাধিকারীদের উপরোক্ত কাগজপত্রাদির সাথে নিম্নে বর্ণিত অতিরিক্ত কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ-
 - (ক) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/মেয়র কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সনদপত্র (খ) স্বীকৃত উকিলের লেটার হেড প্যাডে সীলমোহরযুক্ত ফারয়েজনামা (গ) ওয়ারিশদের সত্যায়িত রঙ্গিন ছবি (ঘ) নাবালক ওয়ারিশ থাকলে জেলা জজ/পারিবারিক আদালত হতে অভিভাবক সনদপত্র (এ সকল কাগজপত্র দেশে অবস্থানরতদের ক্ষেত্রে নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং বিদেশে অবস্থানরতদের ক্ষেত্রে দূতাবাস/মিশন কর্তৃক সত্যায়িত হতে হবে)।

০৩। এ সংক্রান্ত যেকোন তথ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ফ্লোর/লেভেল-১১ (লিফটের-১০), কক্ষ নং-১১১৯, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০, এর নিকট হতে জানা যাবে। সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতিত অন্য যেকোন কর্মদিবসে অফিস চলাকালীন সময় সকাল: ৯.০০ ঘটিকা হতে বিকাল: ৫.০০ ঘটিকা পর্যন্ত সকল কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করা যাবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।

(মুঃ মোহসিন চৌধুরী)

উপ-সচিব

পরিচালক (অর্থ ও কল্যাণ)

ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড

ফোনঃ ০২-৮৩১৩৪৩৭ (অফিস)

E-mail: bmetwelfare@gmail.com